

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটির' সভার কার্যবিবরণী

সভাপতি: এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট
সভার স্থান: জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ
সভার তারিখ: ২৩ ডিসেম্বর ২০২১
সভার সময়: সকাল ১০.০০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ:

- অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট
- মিজ্ জেসমিন আক্তার, সিনিয়র সহকারী কমিশনার, সিলেট
- মিজ্ খোশনুর রুবাইয়াৎ, সহকারী কমিশনার, সিলেট
- জনাব নীহার রঞ্জন শর্মা, প্রশাসনিক কর্মকর্তা, সিলেট


সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সকলের অবগতির জন্য আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ হতে নির্দেশনাসমূহ পাঠ করে শোনানো হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র এর প্রয়োগ/বাস্তবায়ন সংক্রান্ত	শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন সংরক্ষণ ও ওয়েবসাইটে প্রকাশ, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা ২০১৯, সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সরকারি ই-মেইল নীতিমালা ২০১৮ এর যথাযথ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। সহকারী কমিশনার (সকল) ৪। প্রোগ্রামার, জেঃপ্রঃকাঃ, সিলেট
০২	নৈতিকতা কমিটির সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন এবং সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়।	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। সহকারী কমিশনার (সকল)
০৩	ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ	অত্র কার্যালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ এবং স্ব স্ব দপ্তরের তথ্য বাতায়নে প্রদর্শনের ব্যাপারে সচেতন থাকতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। প্রোগ্রামার, জেঃপ্রঃকাঃ, সিলেট
০৪	জেলা/উপজেলা প্রশাসনের ওয়েবসাইটে সেবাবঞ্জ হালনাগাদকরণ	জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য সরকার প্রদত্ত কতিপয় সেবা জনগণের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে জেলা প্রশাসনের পক্ষ হতে টোল ফ্রি নম্বরসমূহ তথ্য বাতায়নে দৃশ্যমান করতে হবে। টোল ফ্রি সেবাসমূহ (যেমন দুদক	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। সহকারী কমিশনার (আইসিটি শাখা)

✓

ক্রমিক	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		এর হটলাইন-১০৬, নারী নির্যাতন-১০৯, তথ্য আপা-১০৯২২, কৃষি সেবা-১৬১২৩, দুর্যোগ সতর্কতা-১০৯০, বিটিসিএল সেবা-১৬৪০২, সরকারি আইনগত সহায়তা সেবা-১৬৪৩০, পুলিশিং-৯৯৯, কল সেন্টার-৩৩৩) এর মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে এবং জেলা/উপজেলা তথ্য বাতায়নে প্রদর্শন করতে হবে।	৪। প্রোগ্রামার, জেঃপ্রঃকাঃ, সিলেট
০৫	অংশীজনদের অংশগ্রহণে সভা আহ্বান ও বাস্তবায়ন	জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য অংশীজনদের অংশগ্রহণে সভা আহ্বান করতে হবে প্রমাণক হিসেবে সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	১। অতিরিক্ত জেরা প্রশাসক (সার্বিক) ২। প্রোগ্রামার, জেঃপ্রঃকাঃ, সিলেট

সভার শেষে কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা নিশ্চিতকল্পে ও সুশাসন প্রতিষ্ঠায় উপস্থিত সকলকে আন্তরিক হওয়ার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট

☎ ০৮২১-৭১৬১০০

ই-মেইল: dcsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.১৬.০১৬.১৮.২৮৮

তারিখ: ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
- ৫। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), সিলেট
- ৬। সহকারী কমিশনার (ভূমি)..... (সকল), সিলেট
- ৭। সহকারী কমিশনার..... (সকল)
- ৮। জনাব.....সদস্য



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট